

এনটিআরসিএর ফল প্রকাশ

শিক্ষক নিয়োগে ৪১ হাজার ৬২৭ জনের সুপারিশ

নিজস্ব প্রতিবেদক

২০ আগস্ট ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক
আমাদের মমতা



দেশের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের ষষ্ঠ গণবিজ্ঞপ্তির ফল প্রকাশ করেছে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)। গতকাল মঙ্গলবার বিকাল ৩টায় শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. সিআর আবরার আনুষ্ঠানিকভাবে এ ফল ঘোষণা করেন। এতে ৪১ হাজার ৬২৭ জন প্রার্থী নিয়োগের জন্য চূড়ান্ত সুপারিশ পেয়েছেন।

ফল প্রকাশ অনুষ্ঠানে শিক্ষা উপদেষ্টা বলেন, শিক্ষক নিবন্ধনের মাধ্যমে দেশের জন্য এক বিশাল মেধাবী,

যোগ্য ও দক্ষ শিক্ষকের ভা-র তৈরি করেছি। তারা আগামী প্রজন্মকে আলোকিত করতে অবদান রাখবেন। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ডিজিটাল যাচাই-বাছাইয়ের মাধ্যমে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত এবং নির্দিষ্ট বিষয়ের উপর্যুক্ত প্রার্থীদের বাছাই করা

হয়েছে। এই প্রক্রিয়ার ফলে শিক্ষক নিয়োগ আরও শক্তিশালী, স্বচ্ছ ও গ্রহণযোগ্য রূপ পেয়েছে, যা আগামী দিনগুলোতে আরও পরিপূর্ণতা লাভ করবে।

লিখিত বক্তব্যে ড. আবরার বলেন, ১৮তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় অংশ নিয়েছিলেন প্রায় ১৮ লাখ ৬৫ হাজার ৭১৯ জন প্রার্থী। তাদের মধ্যে প্রিলিমিনারি পরীক্ষায় অংশ নেন ১৩ লাখ ৪০ হাজার ৮৩৩ জন, উত্তীর্ণ হন ৪ লাখ ৭৯ হাজার ৯৮১ জন। লিখিত পরীক্ষায় অংশ নেন ৩ লাখ ৪৮ হাজার ৬৮০ জন, পাস করেন ৮৩ হাজার ৮৬৫ জন। মৌখিক পরীক্ষায় অংশ নেন ৮১ হাজার ২০৯ জন, আর চূড়ান্তভাবে উত্তীর্ণ হন ৬০ হাজার ৬৩৪ জন প্রার্থী। তাদের মধ্য থেকেই ৪১ হাজার ৬২৭ জনকে নিয়োগের সুপারিশ করা হয়েছে। সারাদেশের এমপিওভুক্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে এক লাখ ৮২২টি শূন্যপদের চাহিদা এসেছিল। যাচাই-বাচাই শেষে শূন্যপদের উপযোগী প্রায় ৪১ হাজার শিক্ষক সুপারিশ পেয়েছেন।

এন্টিআরসিএ জানিয়েছে, সুপারিশপ্রাপ্ত প্রার্থীরা আগামী ১৮ সেপ্টেম্বরের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগপত্র পাবেন। নিয়োগপত্র হাতে পাওয়ার পর সাত কার্যদিবসের মধ্যে যোগদান করতে হবে। যোগদানের পর প্রতিষ্ঠানপ্রধান ওয়েবসাইটে গিয়ে ‘ওড়িরহরহম ৰাঃধঃঃঃঃ’ অপশনে তথ্য হালনাগাদ করবেন। যদি কোনো প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে নিয়োগপত্র না দেয়, তবে প্রার্থীর অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানপ্রধান ও পরিচালনা পর্ষদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। সুপারিশপ্রাপ্ত প্রার্থীরা ফলাফল জানতে পারবেন এন্টিআরসিএর ওয়েবসাইটের ‘ষষ্ঠ নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তি-২০২৫’ সেবা বক্সে। এ ছাড়া নিবন্ধিত মোবাইল নম্বরে এসএমএসের মাধ্যমেও ফল জানানো হবে।